20 OCT 2016
22 2

দৈনিক আমাদের সময়

### জেএসসি পরীক্ষা

# ভালো ফলের জন্য শিক্ষার্থীরা পাবে সোলার প্যানেল

শাহজাহান আকন্দ শুভ ●

জুনিয়র স্কুল সার্টিফিকেট পরীক্ষায় (জেএসসি) ভালো ফল অর্জনকারী শিক্ষার্থীদের সোলার প্যানেল উপহার দেবে সরকার। এ জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয় একটি প্রকল্প গ্রহণ করেছে। যে প্রকল্পে প্রাথমিকভাবে বরাদ্দ করা হয়েছে ৪ কোটি টাকা। দেশের প্রতি উপজেলায় ১০ জন করে শিক্ষার্থীকে মেধাক্রম অনুযায়ী এই উপহার দেবে পরিবেশ ও বন মন্ত্রণালয়। পরিবেশ ও বন মন্ত্রণালয় সূত্র জানিয়েছে, প্রতিবছর জেএসসি পরীক্ষায় ভালো ফল অর্জনকারী শিক্ষার্থীদের উপজেলাভিত্তিক সোলার প্যানেল উপহার দেওয়া হবে। ভবিষ্যতে এসএসসি পরীক্ষায় ভালো ফল অর্জনকারীদেরও সোলার প্যানেল দেওয়ার পরিকল্পনা রয়েছে। এ বিষয়ে পরিবেশ ও বন মন্ত্রণালয়ের সচিব ড. কামাল উদ্দিন আহমেদ গতকাল বলেছেন, কয়েকটি লক্ষ্য সামনে রেখে এই প্রকল্প গ্রহণ করা হয়েছে। এর অন্যতম লক্ষ্য হলো বৈশ্বিক উষ্ণতা হ্রাস করা। জলবায়ু পরিবর্তনের ফলে যে প্রভাব আমাদের পরিবেশের ওপর পড়ছে তা মোকাবিলা করা। আরেকটি লক্ষ্য হলো শিক্ষার্থীদের ভালো ফল অর্জনে উৎসাহিত করা। জানা গেছে, দেশের অনেক গ্রামে এখনো বিদ্যুৎ পৌঁছায়নি। আবার বিদ্যুৎ সংযোগ থাকলেও লোডশেডিংয়ের কারণে রাতে শিক্ষার্থীদের পড়ালেখা ব্যাহত হয়। পরিবেশ মন্ত্রণালয় যে সোলার প্যানেল দেবে তা দিয়ে ২টি লাইট, একটি ফ্যান এবং একটি টেলিভিশন চালানো যাবে বলে মন্ত্রণালয় সূত্র জানিয়েছে।